মেহেরপুরে পৌরসভা ৪নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার রাত আটটার দিকে মেহেরপুরের কালাচাঁদপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আনছার উল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ। এই সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেন, রোমানা আহমেদ।

এছাড়াও জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লা, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক মুস্তাফিজুর রহমান সজীব, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম সজল, সদর উপজেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি নাসির উদ্দিন, অ্যাডভোকেট আসাদুল আজম খোকন, আব্দুর রহিম, পৌরসভায় ১ নং ওয়ার্ড সাবেক কাউন্সিলর মীর জাহাঙ্গীর, মোশিউল আলম দ্বীপু, আব্দুল লতিফ জনি, সৌরভ, রিপন সহ পৌরসভা ৪নং ওয়ার্ডের বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠানের সঞ্চালনা করেন জেলা বিএনপি’র সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

মেহেরপুরে ১ কোটি টাকার খাস জমি উদ্ধার, আশ্রয়ন প্রকল্পের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের মনোহরপুর মৌজায় দীর্ঘদিন ধরে অবৈধভাবে দখল করা ৭৮ শতাংশ সরকারি খাস জমি উদ্ধার করেছে উপজেলা প্রশাসন।

সোমবার (৭ এপ্রিল) বিকেলে এ অভিযান পরিচালনা করেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খায়রুল ইসলাম।

জানা গেছে, মনোহরপুর গ্রামের রূপচাঁদের ছেলে রবিউল দীর্ঘদিন ধরে সরকারি জমিটি দখলে রেখেছিলেন। অভিযানের সময় উপজেলা প্রশাসনের সঙ্গে ছিলেন পুলিশ, ব্যাটালিয়ন আনসার, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও), ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কুতুবপুর ইউনিয়ন পরিষদের সচিব ও গ্রাম পুলিশ।

সফল অভিযানের মাধ্যমে প্রায় ১ কোটি টাকা মূল্যের সরকারি খাস জমি উদ্ধার করা হয়। জমি উদ্ধারের পরপরই সেখানে আশ্রয়ন প্রকল্পের অধীনে ঘর নির্মাণ কাজের উদ্বোধন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম জানান, “সরকারি জমি দখলমুক্ত করতে অভিযান অব্যাহত থাকবে। অবৈধ দখলদারদের কোনোভাবেই ছাড় দেওয়া হবে না।”

ফিলিস্তিনে বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে মেহেরপুরে

বিক্ষোভ সমাবেশ

ফিলিস্তিনের অসহায়, নিরীহ মানুষের উপর দখলদার বর্বর ইসরাইলের হামলার প্রতিবাদে ও হামলা বন্ধের দাবীতে মেহেরপুরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বিকাল সাড়ে ৫ টার সময় এ বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর কোর্ট মসজিদ প্রাঙ্গণ থেকে সর্বস্তরের জনগনের উপস্থিতিতে আয়োজিত এই বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর প্রেসক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

বক্তরা ফিলিস্তিনিদের প্রতি ইসরাইলের মানবাধিকার লঙ্ঘন এবং বর্বর হামলার তীব্র নিন্দা জানিয়ে তাদের আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়ে বক্তারা বলেন, “ফিলিস্তিনের নিরীহ মানুষদের উপর ইসরাইলের আক্রমণ নিঃসন্দেহে মানবাধিকারের লঙ্ঘন এবং এটি বিশ্বব্যাপী সমালোচনার সৃষ্টি করেছে।”

বক্তারা আরও বলেন, ইসরাইলের পণ্য বর্জন এবং এর বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করার দাবি জানিয়ে বলেন, “বিশ্ববাসী যদি ইসরাইলের অব্যাহত বর্বরতা থামাতে না পারে, তবে আমাদের প্রতিবাদ আরও তীব্র হবে।”

এ সময় উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের সেক্রেটারী ইকবাল হুসাইন, জামায়াতের জেলা নায়েবে আমীর মাওলানা মাহবুবুল আলম, জেলা জামায়াতের রাজনীতি সেক্রেটারী কাজী রুহুল আমীন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, পৌর আমীর সোহেল রানা ডলার, মেহেরপুর জেলা শাখার খেলাফত মজলিসের সভাপতি হুসাইন আহমেদ, মেহেরপুর জেলা শাখার শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা জামায়াতের ব্যবসায়ী বিভাগের সভাপতি সাইফুল ইসলাম সহ জেলা ও উপজেলা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৩

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে ৩ জন আসামিকে গ্রেফতার হয়েছে। এর মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ১ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ২ জন রয়েছে।

গতকাল রবিবার দিবাগত রাত থেকে আজ সোমবার ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত হলো, হরিরামপুরের মোঃ খাকছারুল ইসলামের ছেলে মোঃ সাইফুল ইসলাম (২৯), মেহেরপুর সদর থানার মামলা নম্বর: ৯; তারিখ: ০৭ এপ্রিল, ২০২৫ আইনের নাম ও ধারা: ৩৬(১) সারণির ৮(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮।

মুজিবনগর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃতরা হলো, রশিকপুরের মোঃ মরজেদ আলীর ছেলে মোঃ নাহিদ ইসলাম (২৩) এবং
দারিয়াপুরের মোঃ আবু বক্করের ছেলে দারিয়াপুর কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সভাপতি মোঃ আশিকুর রহমান (২৭)।

গ্রেফতাকৃতকে বিজ্ঞ আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। জেলার সর্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা বাহিনী।

গাজায় ইসরায়েলি বর্বরতা ও নৃশংস হামলার প্রতিবাদে

মেহেরপুরে মানববন্ধন

ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি বাহিনীর বর্বরতা ও নৃশংস হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বেলা সাড়ে ১০টার দিকে মেহেরপুর পৌরসভার সামনে সাধারণ জনগণের আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নেতৃত্ব দেন আসিফ নাজ সুলতান।

বক্তারা বলেন, যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করে পবিত্র রমজান মাসেও ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি দখলদার বাহিনী হামলা চালিয়ে শত শত নিরীহ ফিলিস্তিনিকে হত্যা করেছে। বিশ্ব মানবতার এই সংকটময় সময়ে আমাদের সবাইকে নিপীড়িত ফিলিস্তিনিদের পাশে দাঁড়াতে হবে এবং যুদ্ধবিরতি লঙ্ঘনের দায়ে নেতানিয়াহু সরকার ও ইসরায়েলকে আন্তর্জাতিক আইনের আওতায় আনতে হবে।

তারা আরও বলেন, গাজায় শুধু মুসলমানরা নয়, বরং গোটা বিশ্ব মানবতাই আক্রান্ত হয়েছে। ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে অবৈধ দখলদার ইসরায়েল স্বাধীন ফিলিস্তিনের ওপর লাগাতার হামলা চালিয়ে যাচ্ছে। তারা শুধু যুদ্ধবিরতি লঙ্ঘন করেনি, বরং পুরো গাজা উপত্যকা দখলের ঘোষণা দিয়েছে। বিশ্বনেতাদের অবশ্যই এই ন্যাক্কারজনক হামলা বন্ধে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন সামাজিক সংগঠন ধ্রুবতারা ইউথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি ফয়সাল হোসেন, ইশতিয়াক উদ্দিন অর্ণব, রোকন খন্দকার, সুরুজ, জাহিদ, রাহিদুজ্জামান, রজনী, সাদিয়া এবং অন্যান্য সাধারণ জনগণ।

মেহেরপুর স্টেডিয়াম মাঠে বাণিজ্য মেলা বন্ধের দাবিতে

মানববন্ধন

মেহেরপুর জেলা স্টেডিয়াম মাঠে বাণিজ্য মেলা বন্ধের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

সোমবার (৮ মার্চ) বেলা ১১ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। পরে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

মানববন্ধনে মেহেরপুর জেলা স্টেডিয়ামে বাণিজ্যমেলা বন্ধের দাবি জানানো হয়।

তারা বলেন, দীর্ঘদিন মেহেরপুরে খেলাধুলা বন্ধ রয়েছে, মেহেরপুর শহরে খেলার জায়গা নাই স্টেডিয়ামে মেলা হলে খেলোয়াররা খেলার জায়গা পাবে না। খেলার মাঠ বাদে অন্য কোথাও মেলা স্থানান্তর করার দাবি জানান তারা।

সেখানে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্য এ এস লিটন, আমিরুল ইসলাম অলডাম, মাসুদুল ইসলাম প্রমূখ।

এই সময় জেলার সাবেক ও বর্তমান খেলোয়াড়রা এবং ক্রীড়া প্রেমী মানুষরা সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুর আন্তঃ জেলা বাস-মিনিবাস মালিক সমিতির সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলা বাস ও মিনিবাস মালিক সমিতির কমিটি ভেঙে দিয়ে একটি অ্যাডহক কমিটি গঠন করায় প্রতিবাদ জানিয়েছে মেহেরপুর আন্তঃ জেলা বাস মিনিবাস মালিক সমিতি।

এ বিষয়ে রবিবার সন্ধ্যায় হোটেল বাজারস্থ নিজস্ব কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে সমিতির সভাপতি জহিরুল ইসলাম লিখিত বক্তব্য পাঠ করে বলেন, আমাদের কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও সাধারণ মালিকগণ আজ আপনাদের সামনে উপস্থিত হয়েছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বক্তব্য দিতে।”

তিনি বলেন, “গতকাল সকাল ১১টায় আমাদের সমিতির অফিসে কিছু সদস্য লোকাল বাস এক্সিডেন্টের ক্ষতিপূরণের জন্য কল্যাণ তহবিল গঠনের কথা বলে কিছু সাধারণ মালিককে একত্র করেন।

পরে তারা বিভিন্ন মিথ্যাচার ও বিভ্রান্তিমূলক অভিযোগ তুলে সমিতির গঠনতন্ত্র বহির্ভূতভাবে একটি অবৈধ আহ্বায়ক কমিটির নাম ঘোষণা করেন। এটি সম্পূর্ণ অনৈতিক ও অগ্রহণযোগ্য। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।”

তিনি আরও জানান, “বর্তমান পরিস্থিতিতে কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী শিগগিরই সাধারণ নির্বাচন আয়োজনের উদ্যোগ নেওয়া হবে, যাতে করে সমিতির নেতৃত্ব আইনানুগভাবে নির্ধারিত হয়।”

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির অন্যান্য কার্যনির্বাহী সদস্য ও সাধারণ মালিকরা।

মেহেরপুরে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের সহ-সভাপতি গ্রেফতার, কারাগারে প্রেরণ

মেহেরপুরে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সহ-সভাপতিসহ ৩ নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গতকাল শনিবার দিবাগত মধ্যরাতে সদর উপজেলার চাঁদবিল মোড়ের একটি রেস্টুরেন্ট থেকে মেহেরপুর সদর থানা ও ডিবি পুলিশের একটি দল

অভিযান চালিয়ে জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু মোরশেদ শোভন ও জয় খানকে এবং মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে ছাত্রলীগ নেতা আশিকুর রহমানকে গ্রেফতার করেন।

তাদের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধ আইনে বৈষম্য বিরোধী ছাত্রদের দায়ের করা মামলা রয়েছে বলে জানান সদর থানার ওসি মেসবাহ উদ্দিন।

আজ রোববার (৬ এপ্রিল) দুপুরে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের সহ-সভাপতিসহ গ্রেপ্তার ৩ জন

মেহেরপুরে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সহ-সভাপতিসহ তিন নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার (৫ এপ্রিল) দিবাগত মধ্যরাতে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল মোড় এলাকার একটি রেস্টুরেন্ট থেকে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ দুজনকে এবং মুজিবনগর এলাকা থেকে থানা পুলিশ একজনকে গ্রেপ্তার করে।

গ্রেপ্তারকৃতরা হলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু মোরশেদ শোভন, জয় খান ও আশিকুর রহমান। তাদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে বৈষম্যবিরোধী ছাত্রদের দায়ের করা মামলা রয়েছে। প্রাথমিকভাবে জানা গেছে, তাঁরা ওই রেস্টুরেন্টে বসে নাশকতার পরিকল্পনা করছিলেন।

শোভনের বাড়ি মেহেরপুর পৌর এলাকার মন্ডলপাড়ায়, তিনি আব্দুল মান্নানের ছেলে। জয় খান স্টেডিয়ামপাড়ার সবুজের ছেলে এবং আশিকুর রহমানের বাড়ি মুজিবনগর উপজেলায়।

রোববার (৬ এপ্রিল) দুপুরে মেহেরপুর পুলিশ সুপারের কার্যালয়ে

আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে গ্রেপ্তারকৃতদের বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে এক সপ্তাহে ৮ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৫ জন, গাংনী থানা পুলিশের অভিযানে ১ জন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ২ জন রয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাত থেকে আজ শনিবার ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত হলো, গোভীপুর গ্রামের মোঃ মেহেদী, থানা পাড়ার মোঃ সেলিম রেজার ছেলে রিয়াদ হোসেন (১৯), দক্ষিন শালিকা মোল্লাপাড়ার মোঃ আবুল কাশেমর ছেলে মোঃ আনোয়ার হোসেন, ক্যাশবপাড়ার মৃত সুমন মন্ডলের ছেলে খাজা মঈন উদ্দিন তিস্ত ওরফে মুহিত (২৫), শ্যামপুর নীলমনি পাড়ার মৃত আরমান মন্ডলের ছেলে আমিরুল ইসলাম(৫৮), বাড়িবাঁকা গুচ্ছগ্রামের মৃত খোদাবক্স মৃধার ছেলে মোঃ রাজু আহম্মেদ।

গাংনী উপজেলার গ্রেফতারকৃতরা হলেন, নওয়াপাড়ার মৃত খবির উদ্দিনের ছেলে মোঃ ইসলাম হোসেন (৬০), এফআইআর নং-১১, তারিখ- ১৯ আগস্ট, ২০২৪; জি আর নং-২২৭, তারিখ-১৯/০৮/২০২৪খ্রি.ধারা- ২০০৯ সাল (সংশোধনী/২০১২) এর সন্ত্রাস বিরোধী আইন এর ৬(২)/৭(৫)/৭(৬)(ক) ৭(৬)(খ)/১০/১১/১২/১৩।

মুজিবনগর উপজেলার গ্রেফতারকৃতরা হলেন, বাগোয়ানের মোঃ কাহিরুল ইসলাম, এসটিসি ৭০/১৯ ঝিনাইদহ জিআর১৩/১৯, এসসি-৮৪৭/২০ এবং আনন্দবাসের মৃত নাসির উদ্দিনের ছেলে মোঃ সাগর, পাঃ জারী ১৫/১৯

সাজা প্রাপ্ত।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এবং মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান অভিযানের নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। জেলার সর্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা বাহিনী।